

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-২ অধিশাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

**বিষয়: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় প্রবর্তিত কর্মসম্পাদন ব্যবস্থাপনা ফলপ্রসূ করার লক্ষ্যে পুনর্গঠিত এপিএ টিমের সভা গত ১২-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) আওতায় প্রবর্তিত কর্মসম্পাদন ব্যবস্থাপনা ফলপ্রসূ করা এবং পুনর্গঠিত এপিএ টিমের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত টিমের টিম লিডার বেগম পারভীন আকতার এর সভাপতিত্বে ১২-০২-২০১৮ তারিখ সকাল ১১:৩০ টায় এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' হিসেবে সংযুক্ত করা হলো।

**আলোচনা:**

০২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন একটি গুরুত্বপূর্ণ বিষয় বিধায় এ বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন অধিক সদস্য থাকা আবশ্যিক। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে টিমের পূর্বতন সদস্য-সচিব (উপসচিব) জনাব মোঃ ঈদতাজুল ইসলাম-কে পুনর্গঠিত টিমের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে উপসচিব প্রশা:-২ অধিশাখা জানান যে, এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্থ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০১৭) লক্ষ্যমাত্রা অর্জন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রতিবেদন পর্যালোচনার জন্য গত ০৬-০২-২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অনুযায়ী কৌশলগত উদ্দেশ্যের আওতাভুক্ত তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি ক্রমপুঞ্জিত কিনা তা অবহিতকরণ, রিপোর্ট তালিকা আকারে প্রেরণ, এ বিভাগ কর্তৃক চালুকৃত দু'টি অনলাইন সেবার নাম, স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রিপরিষদ বিভাগের প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে টিম লিডার-কে অবহিত করা হয়।

০৩। অতঃপর সভায় চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অনুযায়ী কৌশলগত উদ্দেশ্যের আওতায় তেল/গ্যাসের উন্নয়ন ও ওয়ার্কওভার কুপ খনন, গ্যাস উৎপাদন, পেট্রোলিয়াম প্রোডাক্টসের উৎপাদন, কয়লা আহরণ ও মজুদ বৃদ্ধি, জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান, ২-ডি সিসমিক জরিপ, ৩-ডি সিসমিক জরিপ, পি-পেইড/ইভিসিয়ুক্ত মিটার স্থাপন, গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, আমদানিকৃত পরিশোধিত তেল, আমদানিকৃত অপরিশোধিত তেল, তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি, ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন, কোয়ারি রয়্যালটি আদায়, প্রশিক্ষণ আয়োজন, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তিসহ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সকল বিষয়ে আলোচনা হয়।

০৪। পরিশেষে সভাপতি এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় প্রবর্তিত কর্মসম্পাদনসমূহ ব্যবস্থাপনা অধিকতর ফলপ্রসূ করার লক্ষ্যে পুনর্গঠিত এপিএ টিমের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে টিমের সকল সদস্যদের সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করেন।

৫

০৫। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:


সিদ্ধান্ত:

৬.১। (ক) এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় প্রবর্তিত কর্মসম্পাদনসমূহ ফলপ্রসূ করার লক্ষ্যে পুনর্গঠিত এপিএ টিমের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে টিমের সকল সদস্যদের সচেতন থাকতে হবে;

(খ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উন্নয়ন-৩ অধিশাখার উপসচিব জনাব মোঃ ঈদতাজুল ইসলাম'কে এ বিভাগের পুনর্গঠিত এপিএ টিমের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হলো।

(গ) এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রে প্রদত্ত লক্ষ্যমাত্রা যথাযথ তদারকির মাধ্যমে শতভাগ অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৭। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১৮-২-২০১৮

(বেগম পারভীন আকতার)  
অতিরিক্ত সচিব (পরিকল্পনা)

ও

এপিএ টিম লিডার  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।